তথ্যবিবরণী নম্বর-২১৩

## দুপুর দুইটা পর্যন্ত রাজশাহী বিভাগে ৪৬ দশমিক ২৩ শতাংশ ভোট পড়েছে

রাজশাহী; ২৯ মাঘ (১২ ফেব্রুয়ারি):

আজ (১২ ফেব্রুয়ারি) দুপুর দুইটা পর্যন্ত রাজশাহী বিভাগের আট জেলায় গড়ে ৪৬ দশমিক ২৩ শতাংশ ভোট পড়েছে। রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয়ের মিডিয়া সেল থেকে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

বিভাগীয় কমিশনার কার্যালয়ের তথ্য মতে দুপুর দুইটা পর্যন্ত সর্বোচ্চ ভোট পড়েছে জয়পুরহাট জেলায়। এখানে ভোট কাস্টের  হার ৫৩ দশমিক ৯৩ শতাংশ। অন্যদিকে নওগাঁ জেলায় সর্বনিম্ন ৩৬ শতাংশ ভোট পড়েছে। বিভাগের অন্যান্য জেলার মধ্যে রাজশাহীতে ৪৬ দশমিক ১৭ শতাংশ, চাঁপাইনবাবগঞ্জে ৩৮ দশমিক ৯১ শতাংশ, সিরাজগঞ্জে ৪৪ দশমিক ৭৫ শতাংশ, নাটোর ৪৫ দশমিক ২৫ শতাংশ, বগুড়ায় ৫৩ দশমিক  ১৪ শতাংশ এবং পাবনায় ৫১ দশমিক ৭৪ শতাংশ ভোট পড়েছে।

.........................................................................

রুহুল/তৌহিদ/আতিক/আলীম/হালিম/২০২৬/১৫:২০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd